

সারাদেশে শিশু শিক্ষা জরিপ কার্যক্রম শুরু

সংবাদ জাতীয় ডেস্ক

গত তরুবার থেকে সারা দেশে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ কার্যক্রম শুরু হয়েছে। তথ্য সংগ্রহকারীরা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করছেন। সংবাদ প্রতিিনিধিদের পাঠানো খবর-
ব্রাহ্মণবাড়িয়া : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী কাজী মোতাহার হোসেন ব্রাহ্মণবাড়িয়ার আওগঞ্জ উপজেলার সোনাকানপুর গ্রামে শিশু শিক্ষা ও সাক্ষরতা জরিপ কার্যক্রম উদ্বোধন করেন। উপজেলা চেয়ারম্যান হুমায়ী মো. আনিসুর রহমানের সভাপতিত্বে ও উদ্বোধনী সভায় বক্তৃতা করেন সাংসদ এডভোকেট মো. জিয়াউল হক মুখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য মো. আতিয়ার রহমান আতিক এমপি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক প্রশাসন আবদুর রব, অতিরিক্ত জেলা প্রশাসক আবদুল করিম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার হযরত আলী, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাইফুল ইসলাম ও আওয়ামী লীগ নেতা মোস্তফা আলী সিকদার প্রমুখ।
মানিকগঞ্জ : জরিপ কাজে অংশ নেয়া সুপারভাইজার মানিকগঞ্জ ৮৮নং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফিরোজা বেগম জানান, তরুবার ঘূটির কারণে অনেক বাড়ি তালাবদ্ধ ছিল। এছাড়া অনেক বাড়ির কর্তা

ব্যক্তির এ কাজে ভেতন সাদা দিয়েছেন না।
সিলেট : সদর উপজেলার খানিমুনগরে কৃষ্ণ গোবিন্দ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আনুষ্ঠানিকভাবে এ কার্যক্রমের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা এনামুল হাবীব। এসময় শিক্ষা কর্মকর্তা মাক্কফ আহমদ চৌধুরীসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন।
পাটগ্রাম (লালমনিরহাট) : পাটগ্রাম রসুলগঞ্জ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা অঞ্জনা রানী ঘোষের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মহিলা জাইস চেয়ারম্যান সাজেদা আক্তার। কার্যক্রম উদ্বোধন ঘোষণা করেন উপজেলা শিক্ষা অফিসার উফিল চন্দ্র রায়।
চট্টগ্রাম : চট্টগ্রাম মহানগরীর ১২টি থানা এবং জেলার ১৪টি উপজেলার সরকারি, আধা-সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা এ কার্যক্রম বাস্তবায়ন করছেন। তবে তরুবার হওয়ায় বেশিরভাগ এলাকায় তথ্য সংগ্রহকারীরা যাননি বলে খবর পাওয়া গেছে।
কোতোয়ালী থানা শিক্ষা কর্মকর্তা মো. মামুন কবির তার এলাকায় জরিপ কার্যক্রম শুরু হয়ে গেছে বলে জানিয়েছেন। রাউজান উপজেলা শিক্ষা কর্মকর্তা চৌধুরী আবদুল্লাহ

আল মামুনও একই কথা বলেছেন। বৃহস্পতিবারের মধ্যে নিম্ন নিম্ন বিদ্যালয়ে তারা নির্ধারিত ফরম পাঠিয়ে দেন বলে জানান। গত শনিবার থেকে পুরোদমে জরিপ কাজ চলছে বলে জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানিয়েছেন।

সারাদেশে শিশু শিক্ষা জরিপ কার্যক্রম শুরু